

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৩৬.২০১৭-২০৮৫

তারিখঃ ০৮ পৌষ ১৪২৪  
২০ ডিসেম্বর ২০১৭


বিষয় : রীট পিটিশন নং-১৭০২২/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ আবু তাহের, পিতা-মৃত-আব্দুল মজিদ, বাড়ি নং-৪৭, (ফ্লাট-৫০২),  
সিদ্ধেশ্বরী রোড, ধানা- রমনা, জেলা - ঢাকা - বনাম - সরকার ও অন্যান্য ] এ সরকার পক্ষে, প্রতিদ্বন্দ্বিতা, প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ৩০.১১.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২২.১১.২০১৭ তারিখের  
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অধীন ৭নং ফকিরাপুল হোস্টিং এর নিচতলায়  
অবস্থিত “মিতালী হোটেল এন্ড রেইস্টুরেন্ট” এর নামীয় ট্রেড লাইসেন্স নবায়নের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৫  
জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। শুনানী অন্তেঃ হাইকোর্ট বিভাগ প্রতিপক্ষগণকে ট্রেড লাইসেন্স নবায়নের নির্দেশ  
কেন দেয়া হবেনা সে মর্মে রুল ইস্যুপূর্বক কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। একইসাথে পিটিশনার কর্তৃক ১৬.১১.২০১৭ খ্রিঃ তারিখে  
দাখিলকৃত আবেদনটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির আদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলা  
প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১(এক) ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

বিজ্ঞ সলিসিটর  
সলিসিটর উইং  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।